

নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০১.১৬-৩৫৯

তারিখ : ০৩/০৪/২০১৬খ্রিঃ


বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৬ খ্রিঃ/১৪৩৭ হিজরী এর ৩.১.১১ নং এবং হজ প্যাকেজ ২০১৬ খ্রিঃ এর ৩.২২ নং অনুচ্ছেদের অনুবৃত্তিক্রমে গত ৩১/০৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক, 'যে সকল এজেন্সি ১৫০ (একশত পঞ্চাশ) জন হজযাত্রীর কোটা পূরণে সক্ষম হয়নি, সে সকল এজেন্সিকে নিজেদের মধ্যে সমঝোতা ও সমন্বয় করতঃ লীড এজেন্সি নির্ধারণপূর্বক আগামী ১৫/০৪/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সমঝোতাপত্র দাখিল করার জন্য বলা হলো। উক্ত সমঝোতা পত্রের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গৃহীত হবে'।

উল্লেখ্য যে, গত ২৮/০৩/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল হজ গমনেচ্ছুগন বেসরকারিভাবে প্রাক-নিবন্ধিত হয়েছেন তাঁদের ক্ষেত্রে অবশিষ্ট অর্থ জমাদানের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতির ৩.২ অনুচ্ছেদ অনুসরণযোগ্য অর্থাৎ তাঁরা এখন হতে ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদান করবেন। যে সকল হজ গমনেচ্ছুগন সরকারিভাবে প্রাক-নিবন্ধিত হয়েছেন বা হচ্ছেন তাঁরাও আগামী ৩০/০৫/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অবশিষ্ট টাকা জমা প্রদান করবেন।

তারিখ : ০৩/০৪/২০১৬ খ্রিঃ

নির্দেশক্রমে,


মোঃ শহীদুল্লাহ তালুকদার
সহকারী সচিব (হজ-২)
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

সভাপতি/মহাসচিব
হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)
নয়াপল্টন, ঢাকা।